



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

এবং

সদস্য (মুসক বাস্তবায়ন ও আইটি) এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

সূচিপত্র

মুসক অনুবিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র.....	৩
প্রস্তাবনা:	৪
সেকশন ১: মুসক অনুবিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৫
সেকশন ২: মুসক অনুবিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact).....	৬
সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ.....	৭-১২
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms).....	১৩
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি.....	১৪-১৫
সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা.....	১৬

মুসক অনুবিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the VAT Wing)

সাম্প্রতিক বছরসমূহের (তিনবছর) প্রধান অর্জনসমূহঃ

মূল্য সংযোজন কর অনুবিভাগের প্রধান কাজ হচ্ছে পরোক্ষ কর আরোপ, কর আহরণ এবং এতদসংক্রান্ত আইন, বিধি-বিধান প্রণয়ন ও হালনাগাদকরণ। ২০১৫-১৬ ও ২০১৬-১৭ অর্থবছরে মোট লক্ষ্যমাত্রা ৫৪,০৬৪ কোটি টাকা ও ৬৬,০০০ কোটি টাকা; যার বিপরীতে আদায়কৃত রাজস্বের পরিমাণ যথাক্রমে ৫৬,০৮০.৬৬ কোটি টাকা ও ৬৬,৮৯১.৪৫ কোটি টাকা। ২০১৭-১৮ অর্থবছরের লক্ষ্যমাত্রা ৮৩,০০০ কোটি টাকা; যার বিপরীতে এপ্রিল, ২০১৮ পর্যন্ত আদায়কৃত রাজস্বের পরিমাণ ৬৪,২৫৩.২৬ (সাময়িক) কোটি টাকা। সারাদেশে ভ্যাট কমিশনারেটসমূহের কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে প্রক্রিয়াকরণের জন্য মুসক অনুবিভাগের আওতায় ভ্যাট অনলাইন এর কার্যক্রম দ্রুত এগিয়ে চলছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

- সঠিক মুসক নির্ধারণ, উচ্চ লক্ষ্যমাত্রার রাজস্ব আহরণ, মুসক ফাঁকি রোধ, মুসকের আওতা সম্প্রসারণ, নিরীক্ষা ও পরিদর্শন, বকেয়া আদায়, বিচারহীন মামলা দ্রুত নিষ্পত্তিকরণ (মামলা তদারকি ও বিকল্প বিরোধ নিষ্পত্তিকরণের মাধ্যমে) ও প্রশিক্ষিত জনবল স্বল্পতা।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

ভবিষ্যতে রাজস্ব আদায় বৃদ্ধির জন্য মুসক অনলাইন রেজিস্ট্রেশন ব্যবস্থা চালু, অনলাইনে রিটার্ন দাখিল, তথ্য প্রযুক্তি (আইসিটি) অবকাঠামো বিনির্মাণ ও অটোমেশন কার্যক্রমসমূহ জোরদারকরণ, মুসকনেট সম্প্রসারণ, মুসক ফাঁকি রোধ এবং আইন ও মুসক প্রদান পদ্ধতি সহজীকরণ, মুসক শিক্ষা, বিজ্ঞাপন প্রচার, ট্যাক্স পেয়ার্স সার্ভিস নিশ্চিতকরণ; প্রয়োজনীয় উদ্যোগের মাধ্যমে উচ্চ আদালতের পেন্ডিং মামলাসমূহ নিষ্পত্তি ও সংশ্লিষ্ট রাজস্ব আদায়; কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে কর্মক্ষমতা বৃদ্ধি এবং বিকল্প বিরোধ নিষ্পত্তির (ADR) মাধ্যমে রাজস্ব আদায় জোরদার করার পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

২০১৮-১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- ২০১৮-১৯ অর্থবছরে ধার্যকৃত ১,১০,০০০ কোটি টাকা রাজস্ব আহরণ
- মুসক প্রশাসনের আধুনিকায়ন ও করদাতা বাস্তবকরণ

- ই-রেজিস্ট্রেশন বাস্তবায়ন
- ই-ফাইলিং এ রিটার্ন দাখিল বাস্তবায়ন
- ই-পেমেন্ট পদ্ধতি বাস্তবায়ন

ভ্যাট অনলাইন প্রজেক্ট
কাজটি সম্পন্ন করবে।

